



*Beats of My Heart*

## লাভেলোর ১২তম এজিএম সম্পন্ন / লাভেলোর ১০ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন

পুঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুষঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির ১২তম বার্ষিক সাধারণ সভা (এজিএম), ৩০ই ডিসেম্বর ২০২৩, শনিবার সকাল ১১.৩০ মিনিটে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান দাঁতিন শামীমা নাগিস হক। উক্ত সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক দাঁতো ইঞ্জিনিয়ার মোঃ একরামুল হক পরিচালক মন্ডলীর বিবরণী উপস্থাপন করেন এবং কোম্পানির গুরুত্বপূর্ণ বিষয় ও ভবিষ্যৎকর্ম পরিকল্পনা সম্পর্কে শেয়ারহোল্ডারদের অবহিত করেন। শেয়ারহোল্ডারগণ ভার্সুয়ালি অংশ নিয়ে ২০২২-২০২৩ হিসাব বছরের জন্য সুপারিশকৃত ১০ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন করেন। এছাড়া আইপিও থেকে প্রাপ্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ব্যয়ের সময়সীমা ১ ফেব্রুয়ারি ২০২৪ থেকে জানুয়ারি ২০২৫ পর্যন্ত বৃদ্ধি সহ অন্যান্য আলোচ্য এজেন্ডা অনুমোদন করেন।

এজিএমে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক মুহসীনিনা তাওফিকা একরাম, মুহসীনিনা সারিকা একরাম, কোম্পানি ভারপ্রাপ্ত সচিব মোঃ দিদাবুল আলম এফসিএমএ, সিএফও মুশতাক আহমদ এবং ইন্টার্নাল অডিটোর প্রধান মোঃ মহিউদ্দিন সরদার।